

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৭৬

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الْكَافِرَ لَيُسْحَبُ لسانُه الفرسَخ والفرسخين يتوطَّؤُه النَّاس» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيّ وَقَالَ: هَذَا حَيْثُ غَرِيب

حسن ، رواه احمد (2 / 92 ح 5671) و الترمذى (2580) ـ (ضَعِيف)

বাংলা

৫৬৭৬-[১২] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (জাহান্নামে) কাফির তার জিহ্বা এক ক্রোশ দুই ক্রোশ পর্যন্ত বের করে হেঁচড়িয়ে চলবে এবং লোকেরা তা মাড়িয়ে চলবে। (আহমাদ ও তিরমিয়ী এবং ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেছেন, হাদীসটি গরীব]

ফটনোট

যঈফ: তিরমিয়ী ২৫৮০, য'ঈফাহ ১৯৮৬, য'ঈফুল জামি ১৫১৮, য'ঈফ আত তারগীব ওয়াত তারহীব ২১৬৩, আবূল মাখারিক অপরিচিত; য'ঈফাহ ১৯৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فرسَخ) শব্দটিকে আরবীতে তিন মাইল বুঝানোর জন্য ব্যবহার করা হয়।
এ হাদীসটি ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ) বর্ণনা করেছেন, (إِنَّ الْكَافِرَ ليجر لسانه فرسخين) অর্থাৎ কাফিরদের
জিহ্বা কিয়ামতের দিন দুই (فرسَخ) ফারসাখ (ছয়় মাইল) পর্যন্ত বিস্তৃত করে দেয়া হবে আর মানুষ সেই জিহ্বা
পাড়াবে এবং এটাই সহীহ। (তুহফাতুল আহওয়াযী হা. ৪৮৯, ২৫৮০)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন